দৈনিক বাংলা

015

দৈনিক বাংলা
তারিখ ... ২।২।৮৫ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ৬ ...

# প্রাথমিক শিক্ষা প্রসারে ৮ কোটি এসডিআর

বাংলাদেশ আন্তর্জাতিক উন্নয়ন সমিতির (আইডিএ) আট কোটি এক লাখ (সাত কোটি ৮০ লাখ ডলার) এসডিআর ঋণের সাহায্যে দুই হাজার সাল নাগাদ সার্বজনীন প্রাথমিক শিক্ষা অর্জনের চেষ্টা চালিয়ে যাবে। বিশ্বব্যাংক আবাসিক মিশন মঙ্গলবার ঢাকায় একথা জানায়। খবর বাসসের।

প্রাথমিক বিদ্যালয়ের সুযোগ-সুবিধা বৃদ্ধি ও সম্প্রসারণ এবং একটি সমন্বিত শিক্ষক প্রশিক্ষণ ব্যবস্থা গড়ে তোলা এই প্রকল্পের লক্ষ্য। ব্যয়সংকোচন ব্যবস্থা, যেমন, স্বল্প ব্যয়ে স্কুল নির্মাণ ডিজাইন কাজে লাগানো এবং পাঠবইয়ের অধিকতর দক্ষ বিতরণ ব্যবস্থা প্রবর্তন করা হবে। শিক্ষকদের আরো দক্ষতার সঙ্গে কাজে লাগানোর মাধ্যমে শিক্ষকদের বেতন বাবদ ব্যয় হ্রাস করা হবে।

১৯৯১ সাল নাগাদ প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রী ভর্তির পরিমাণ প্রায় সাত লাখ ৪০ হাজার জন বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে। এর শতকরা ৫৫ ভাগ বা চার লাখ জনই হবে ছাত্রী। বর্তমানে শতকরা ৫০ ভাগের বেশী ছাত্রছাত্রী পড়াশুনা ছেড়ে দিয়ে থাকে।

শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ

## প্রাথমিক শিক্ষা

(১ম পৃঃ পর)

দুই হাজার সাল নাগাদ সার্বজনীন প্রাথমিক শিক্ষায় ছয় থেকে দশ বছর পর্যন্ত বয়সী ছেলেমেয়েদের শতকরা ৯১ ভাগের প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হবার লক্ষ্যমাত্রা রয়েছে।